



সম্মেলন সম্পর্কে

বাংলাদেশের যুব সমাজ বিভিন্ন ধরনের আর্থ-সামাজিক বৈচিত্র্য নিয়ে দেশের জন্য একটি গুরুত্বপূর্ণ জনগোষ্ঠী। বিভিন্ন আলোচনায় দেশের উন্নয়নের মূল চালিকাশক্তি হিসেবে যুব সমাজকে চিহ্নিত করা হয়েছে। কিন্তু আমরা উদ্বেগের সাথে লক্ষ্য করছি যে, অর্থনৈতিক, সামাজিক ও রাজনৈতিক কর্মকাণ্ডে এই যুব সমাজের একটি উল্লেখযোগ্য অংশের অংশগ্রহণ ক্রমশ দুর্বল হয়ে যাচ্ছে। এই বিচ্ছিন্নতা থেকেই জন্ম নিচ্ছে এমন একটি সমাজ যাকে আমরা বলছি 'বিযুক্ত যুবসমাজ'। এই 'বিযুক্ত যুবসমাজ' ছড়িয়ে আছে সমাজের শ্রেণী কাঠামোর বিভিন্ন অংশে।

নাগরিক প্ল্যাটফর্ম তাদের সূচনালগ্ন থেকেই বিভিন্ন যুব-কেন্দ্রিক কার্যক্রম চালিয়ে আসছে। বর্তমান যুবসমাজে নব-উদ্ভূত এই বিযুক্ত মনোভাব আমাদের চিন্তাগ্রস্ত করে তোলে। তাই বিভিন্ন সময়ে যুবদের পাশাপাশি বিযুক্ত যুবদের প্রাধান্য দিয়ে যুব সম্মেলন, একাধিক প্রকাশনা এবং যুব সংলাপের আয়োজন করে নাগরিক প্ল্যাটফর্ম।

বিযুক্ত যুবদের চিন্তার গতিপ্রকৃতি, তাদের বক্তব্য, দৃষ্টিভঙ্গি এবং চাহিদাগুলোকে গভীরভাবে অনুধাবন করার জন্য নাগরিক প্ল্যাটফর্ম ব্যাপক পরিসরে একটি যুব জরিপ পরিচালনা করেছে। এই জরিপ থেকে প্রাপ্ত ফলাফল জাতীয় পর্যায়ে তুলে ধরা হবে।

আমরা বিযুক্ত যুবদের নিয়ে যে ধারণা পোষণ করেছি তার বাস্তবিক তথ্য প্রকাশ এবং আমাদের উপলব্ধিকে আরও একটু শক্তিশালী করার উদ্দেশ্যে আয়োজিত হচ্ছে 'যুব সম্মেলন ২০২৩'। বাস্তবতার ভিত্তিতে এবং যুবসমাজের মনোভাব ও তাদের প্রত্যাশাকে মাথায় রেখে আমরা এই সম্মেলনের আয়োজন করেছি। এই সম্মেলনের প্রতিপাদ্য হলো 'দেশ থেকে তেমন, যুবরা চায় যেমন'।

এই সম্মেলনে চারটি বিষয়সূচি রয়েছে

ক। জরিপের ফলাফল উপস্থাপন ও আলোচনা

খ। 'আজকের যুব সমাজ ভবিষ্যৎ বাংলাদেশের দায়িত্ব নিতে প্রস্তুত' বিষয়ে সংসদীয় বিতর্ক এবং মুক্ত আলোচনা

গ। আগামী দিনে তাদের প্রত্যাশা সম্বন্ধে অগ্রাধিকার বা প্রাধিকার নির্বাচনের জন্য অনলাইন ভোট

ঘ। রাজনৈতিক, সাংস্কৃতিক এবং বিভিন্ন ক্ষেত্রে সফল ব্যক্তিদের অনুপ্রেরণামূলক বক্তব্য

সম্মেলনটি এমন একটা সময়ে আয়োজিত হচ্ছে যখন বাংলাদেশ একটি গণতান্ত্রিক উত্তরণের দিকে এগোচ্ছে। নির্বাচন নিয়ে চলমান শংকা দূর হলে এই বিষয়গুলি নিয়ে আমরা আরো বেশি সক্রিয় হওয়ার চেষ্টা করব এবং নির্বাচনী বিতর্কের ভেতরে যেন যুব সমাজের বিষয়গুলো স্থান পায় সে বিষয়ে আমরা সংশ্লিষ্ট গোষ্ঠীর সাথে যোগাযোগ স্থাপন করব। একইসাথে বিযুক্ত যুবসমাজের ধারণাটি যেন নির্বাচনী ইশতেহারে স্থান পায় সে বিষয়ে সচেষ্ট থাকব।

আমরা আশা করছি, আগামী নির্বাচন একটি অংশগ্রহণমূলক ও প্রতিযোগিতাপূর্ণ নির্বাচন হবে যেখানে যুবসমাজ ন্যায্যতার সাথে তার ভোটাধিকার প্রয়োগ করতে পারবে।

আয়োজনে



সমর্থনে



সহযোগিতায়



জরিপ পরিচালনায়

